# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১২০৯

১/ বিবিধ

আরবী

صحبت رسول الله صلى الله عليه وسلم ثمانية عشر سفرا، فما رأيته ترك ركعتين إذا زاغت الشمس قبل الظهر

ضعيف

أخرجه أبو داود (1222) والترمذي (2/435) والبيهقي (3/158) من طريق صفوان بن سليم عن أبي بسرة الغفاري عن البراء بن عازب قال: فذكره

وقال الترمذي: " حديث غريب، وسألت محمدا عنه، فلم يعرف اسم أبي بسرة الغفاري، ورآه حسنا

قلت: ولعل محمدا (وهو البخاري) يعني الحسن بمعناه اللغوي لا الاصطلاحي، فإنه بالاعتبار الثاني ضعيف غريب كما قال الترمذي رحمه الله تعالى، وعلته أبو بسرة هذا

قال الذهبي في " الميزان ": لا يعرف، تفرد عنه صفوان بن سليم

وقال الحافظ في " التقريب ": مقبول

يعني عند المتابعة كما نص عليه في المقدمة، وإلا فلين الحديث، وبما أنه لم يتابع على هذا الحديث، فهو عنده ضعيف.

ولسنا نعلم حديثا صحيحا في محافظته صلى الله عليه وسلم على شيء من السنن الرواتب في السفر سوى سنة الفجر والوتر. والله أعلم

বাংলা

১২০৯। আমি আঠারোটি সফরে রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সঙ্গী ছিলাম। আমি যোহরের পূর্বে সূর্য ঢলে যাবার সময় তাকে দেখিনি যে, তিনি দুরাকাআত সালাত আদায় করাকে ত্যাগ করেছেন।

হাদীসটি দুর্বল।

হাদীসটি আবু দাউদ (১২২২), তিরমিযী (৫৫০) ও বাইহাকী (৩/১৫৮) সাফওয়ান ইবনু সুলাইম হতে, তিনি আবু বুসরাহ গিফারী হতে, তিনি বারা ইবনু আযেব আনসারী হতে বর্ণনা করেছেন।

তিরমিযী বলেনঃ হাদীসটি গারীব। হাদীসটি সম্পর্কে মুহাম্মাদকে জিজ্ঞেস করেছিলামঃ তিনি আবু বুসরাহ গিফারীকে চিনেননি। তিনি তাকে ভালই মনে করেছেন।

আমি (আলবানী) বলছিঃ মুহাম্মাদ দ্বারা সম্ভবত ইমাম বুখারীকেই বুঝিয়েছেন। তিনি তাকে ভাল মনে করার দ্বারা আভিধানিক অর্থে বুঝিয়েছেন। পারিভাষিক অর্থে বুঝাননি। অতএব হাদীসটি দুর্বল যেমনটি ইমাম তিরমিযী গারীব বলার দ্বারা তা বুঝিয়েছেন।

হাদীসটির সমস্যা হচ্ছে এ আবু বুসরাহ। তার সম্পর্কে হাফিয যাহাবী “আল-মীযান” গ্রন্থে বলেনঃ তাকে চেনা যায় না। আর তার থেকে সাফওয়ান ইবনু সুলাইম এককভাবে বর্ণনা করেছেন।

হাফিয ইবনু হাজার “আত-তাকরীব” গ্রন্থে বলেনঃ তিনি মাকবুল (গ্রহণযোগ্য)। অর্থাৎ অন্য কেউ বর্ণনা করার ক্ষেত্রে তার সাথে ঐকমত্য পোষণ করার সময়।

তাছাড়া তিনি অগ্রহণযোগ্য, হাদীসের ক্ষেত্রে দুর্বল। অতএব যখন এ হাদীসটি বর্ণনা করার ক্ষেত্রে অন্য কেউ নেই তখন হাদীসটি তার (আসকালানীর) নিকট দুর্বল।

রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কর্তৃক সফরের সময় ফজরের দুরাকাআত সুন্নাত এবং বিতর ব্যতীত অন্য কোন সুন্নাত আদায় করা মর্মে সহীহ হাদীস বর্ণিত হয়েছে বলে আমাদের জানা নেই।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=72088

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন